



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/শের/২০১৯/২৩৫৯

তারিখ : ১৯/০৭/২০২০ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো জবাব প্রদান প্রসঙ্গে।

সূত্র : প্রধান শিক্ষকের ০৭/০৭/২০২০ খ্রিঃ তারিখের একখানা অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন “রাণীশিমূল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়” এর সভাপতি জনাব কে, এম, জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে নিম্নরূপ অভিযোগ উত্থাপন করেছেন :

(i) সভাপতি দীর্ঘদিন যাবত প্রধান শিক্ষকসহ সকল শিক্ষক-কর্মচারীর নিকট অনৈতিকভাবে বড় অংকের অর্থ দাবী এবং চাকুরীচ্যুতিসহ বিভিন্ন ধরনের ভয়-ভীতি প্রদর্শন করে আসছেন এবং ইতোমধ্যে এ ধরনের ভয়-ভীতি প্রদর্শনের মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের নিকট হতে ১৯,৯০,০০০/- (উনিশ লক্ষ নব্বই হাজার) টাকা আদায় করেছেন।

(ii) প্রতিষ্ঠানটি সদ্য এমপিওভুক্ত হয়েছে এবং শিক্ষক-কর্মচারীদের সরকারি বেতন-ভাতা মে/২০২০ মাস থেকে উত্তোলন শুরু হয়। কিন্তু সভাপতি সরকারি বেতন-ভাতা প্রথম শুরু হওয়ার মাসের বিলে স্বাক্ষরের জন্য সকলের নিকট অর্থ দাবী করছেন। যারা অর্থ প্রদান করেছেন এমন কয়েক জনের বেতন বিলে স্বাক্ষর করেছেন এবং এর জন্য যারা অর্থ প্রদান করতে ব্যর্থ হয়েছেন তাদের বিলে এখনো স্বাক্ষর করেননি।

এমতাবস্থায়, উল্লিখিত কর্মকান্ড পরিচালনার জন্য ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর ধারা ৩৮(১) অনুসারে কেন কমিটি ভেঙে দেয়া হবে না বা সভাপতির সদস্যপদ বাতিল করা হবে না তা এ পত্র ইস্যুর তারিখ হতে ০৫(পাঁচ) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
রাণীশিমূল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
(EIN: 113946)
উপজেলা : শ্রীবরদী, জেলা : শেরপুর।


ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ২৩৫৯(৫)

তারিখ : ১৯/০৭/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ৪। প্রধান শিক্ষক, রাণীশিমূল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, শ্রীবরদী, শেরপুর।
- ৫। অফিস কপি।


19.07.2020
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

